

জেলায় কর্মরত বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১৫ শিক্ষককে নানা অভিযোগে দুদকে রবিবার দুর্নীতি দমন কমিশন (দুদক) সমন্বিত জেলা কার্যালয় দিনাজপুরের উপসহকারী পরিচালক স্বাক্ষরিত একটি স্মারক চিঠি ঠাকুরগাঁও সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করা হয়েছে।

দুদকের সে চিঠি থেকে জানা যায়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, নিয়োগ বাণিজ্য, শিক্ষক হয়রানি, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় জিপিএ ৫ ও বোর্ড পরীক্ষায় ১৫ শিক্ষককে দুর্নীতি দমন কমিশনে এ তলব করা হয়। দুদক কর্তৃক তলব পাওয়া গেলেন বর্মণ, একে এম মিজানুর রহমান, ইয়াসিন আলি, আজহার আলী, প্রফুল্ল কুমার বর্মণ, রমজান মন্সুর, সিরাজুল ইসলাম, মোহাম্মদ উল্লাহ, রফিকুল ইসলাম, ইমাম গাজ্জালী, জহরুল ইসলাম। জানতে চাইলে ঠাকুরগাঁও প্রাথমিক জেলা শিক্ষা অফিসার হারুন অর রশিদ বলেন, ১৫ জন শিক্ষককে তলব করা হয়েছে। বিষয়টি আমি জানি।